তারিখ: 26 JAN 2016
পৃষ্ঠা ৪ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

# ২৩ ফেব্রুয়ারি বাকৃবির ৭ম সমাবর্তন

■ বাকৃবি সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) সপ্তম সমাবর্তন আগামী ২৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। এক সংবাদ সম্মেলনে গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকদের এ কথা জানান উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর। সমাবর্তনে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কার্যালয়ে আয়োজিত এ সম্মেলনে উপস্থিত ছিলেন— প্রক্টর অধ্যাপক ড. একেএম জাকির হোসেন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ছাইফুল ইসলাম, এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা) ফারুক আহম্মদ, জনসংযোগ ও প্রকাশনা বিভাগের পরিচালক ড. আমিনুর রহমান চৌধুরী প্রমুখ। সমাবর্তনে ১ হাজার ৯শ ১৯ জন শিক্ষার্থীকে স্নাতক, ২ হাজার ৮শ ৫১ জন শিক্ষার্থীকে স্নাতকোত্তর এবং ৩৮ জন শিক্ষার্থীকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।